

চুয়েট সমাবর্তনে রাষ্ট্রপতি আত্মমর্যাদা সমুন্নত রাখতে হবে

জয়নাল আবেদীন, রাউজান (চট্টগ্রাম)

ব্রিটিশবিরোধী আন্দোলন থেকে শুরু করে মহান মুক্তিযুদ্ধের নানা অধ্যায় মিশে আছে পাহাড়-সমুদ্রে ঘেরা চট্টগ্রামে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৬৬ সালে এই চট্টগ্রামের লালদিঘীর মাঠে লক্ষ জনতার সামনে ঐতিহাসিক ৬ দফা ঘোষণা করেছিলেন। বাঙালির মুক্তির সনদ হচ্ছে এই ৬ দফা। এরই ধারাবাহিকতায় বিভিন্ন আন্দোলন-সংগ্রাম ও নানা চড়াই-উৎরাই এর মধ্য দিয়ে জাতির পিতা ১৯৭১ সালের ২৬ মার্চ প্রথম প্রহরে স্বাধীনতার ঘোষণা দেন। তিনি আরও বলেন। সোমবার চুয়েট কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট) এর ৩য় সমাবর্তন সভাপতির বক্তব্যে মো. আবদুল সমুন্নত : পৃষ্ঠা : ২ ক : ৫

সমুন্নত : রাখতে
(১৬ পৃষ্ঠার পর)

হামিদ এসব কথা বলেন। ১৯৭৫ সালের ১৫ আগস্ট জাতির পিতাকে সপরিবারে হত্যার মধ্য দিয়ে আমাদের উন্নয়ন ও গণতন্ত্রের পথ রুদ্ধ হয়। বন্ধ হয় মানুষের বাক, মতামত ও চিন্তার স্বাধীনতা। নানা চড়াই-উৎরাই পেরিয়ে দেশে আজ গণতন্ত্র প্রতিষ্ঠিত। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্বাধীনতার সুবর্ণজয়ন্তীকে সামনে রেখে একটি তথ্য-প্রযুক্তিনির্ভর জ্ঞানভিত্তিক সুখী-সমৃদ্ধ দেশ গঠনে 'রূপকল্প ২০২১' ঘোষণা করেছেন। এ রূপকল্প বাস্তবায়নে আমাদের নিরলস প্রচেষ্টা চালাতে হবে। আজকের শিক্ষিত তরুণরাই এ কার্যক্রমকে এগিয়ে নিয়ে যাবে, এ আমার দৃঢ় বিশ্বাস।